গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

বাংলাদেশ সচিবালয়

ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৩৩/২০১৯-২০২০

ঢাকা, ৬ আগস্ট মঙ্গলবার ২০১৯, ২২ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। যুক্তরাষ্ট্রে গুলিবর্ষণের ঘটনায় প্রধানমন্ত্রীর নিন্দা

২। পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত হলে ডেঙ্গুর বিস্তার ঘটতে পারবে না : স্পিকার

৩। ঈদযাত্রায় যুক্ত হচ্ছে ভারত থেকে আনা ২৫০টি বাস
গাড়ির ভেতর মশার স্প্রে দিতে হবে : সেতুমন্ত্রী

৪। দেশে ডেঙ্গু পরিস্থিতি এখন নিয়ন্ত্রণের মধ্যে : স্বাস্থ্যমন্ত্রী

৫। মশার ওষুধের নমুনা ঢাকায় পৌঁছেছে
ওষুধের কার্যকারিতা আজ পরীক্ষা করা হবে : ডিএসসিসি মেয়র

৬। সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে ডেঙ্গুমুক্ত হবে রাজধানী : ডিএসসিসি মেয়র

৭। ডেঙ্গু নিয়ে ডিএনসিসি মেয়রের সঙ্গে ভিডিও কনফারেন্সে কলকাতার ডেপুটি মেয়র :
এডিসের উৎসস্থল ধ্বংসের পরামর্শ

৮। ডেঙ্গু টেস্ট কিট আমদানিতে শুল্ক-কর ছাড়

৯। বাংলাদেশ-ভারত স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক আগামীকাল

১০। গুজব ছড়াচ্ছে বিএনপি : তথ্যমন্ত্রী

১১। বন্যায় খাদ্যশস্য নষ্ট হয়নি : মোংলায় খাদ্যমন্ত্রী

১২। ঈদে নৌপথে বাড়তি চাপ সামলাতে স্পেশাল লঞ্চ সার্ভিস

১৩। ঈদের ছুটিতে এটিএম বুথে পর্যাপ্ত টাকা রাখার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের

চলমান পাতা-২

১। যুক্তরাষ্ট্রে গুলিবর্ষণের ঘটনায় প্রধানমন্ত্রীর নিন্দা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রে দুইটি পৃথক গুলিবর্ষণের ঘটনায় অন্তত ২৯ জন নিহত ও বেশ কয়েক ডজন লোক আহত হওয়ার বিষয়ে তীব্র নিন্দা জানিয়েছেন। গতকাল (৫ আগস্ট সোমবার) মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে পাঠানো এক বার্তায় তিনি বলেন, এ সপ্তাহান্তে যুক্তরাষ্ট্রের টেক্সাস ও ওহিওতে ১৩ ঘন্টার ব্যবধানে দুইটি মারাত্মক গুলিবর্ষণের ঘটনায় ২৯ জন নিহত ও বেশ কয়েক ডজন লোক আহত হওয়ায় আমি অত্যন্ত মর্মাহত। তিনি বলেন, বাংলাদেশের সরকার ও জনগণের পক্ষ থেকে আমি এ বর্বরোচিত সন্ত্রাস ও সহিংসতার তীব্র নিন্দা জানাচ্ছি। সন্ত্রাসীদের কোনো বর্ণ, জাতি বা ধর্ম নেই উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, তাদের একমাত্র পরিচয় তারা সন্ত্রাসী। প্রধানমন্ত্রী মার্কিন প্রেসিডেন্টের কাছে এবং তার মাধ্যমে বন্ধু-প্রতিম মার্কিন জনগণের প্রতি গভীর শোক ও সমবেদনা জানান। গুলিবর্ষেণের ঘটনায় নিহতদের আত্মার চির শান্তি এবং তাদের বিদেহী আত্মার মুক্তি কামনা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫)।

২। পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত হলে ডেঙ্গুর বিস্তার ঘটতে পারবে না : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ডেঙ্গু সচেতনতা বৃদ্ধিতে সারাদেশে সংসদ সদস্যরা নিজ নিজ নির্বাচনি এলাকায় কাজ করছেন। পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত হলে ডেঙ্গু বিস্তার লাভ করতে পারবে না। গতকাল (৫ আগস্ট সোমবার) জাতীয় সংসদ ভবন, সংসদ সদস্য ভবন (ন্যাম ভবন) এবং সংসদ সচিবালয় আবাসিক কমপ্লেক্স এলাকায় চলমান পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন। স্পিকার বলেন, পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম একটি চলমান বিষয় যা ভবিষ্যতেও অব্যাহত থাকবে। তিনি পরিবেশবান্ধব ময়লা-আবর্জনা ব্যবস্থাপনা ও ড্রেনেজ সিস্টেম উন্নত করার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.১), **বাংলাদেশে টুডে** (শেষ পৃ ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৩। ঈদযাত্রায় যুক্ত হচ্ছে ভারত থেকে আনা ২৫০টি বাস
গাড়ির ভেতর মশার স্প্রে দিতে হবে : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বাস টার্মিনালগুলোতে মশা মারার ওষুধ ছিটাতে হবে। এছাড়া গাড়ির ভেতরেও স্প্রে করতে হবে। প্রতিটি বাস ছাড়ার পূর্বে বাসে মশানাশক অ্যারোসল স্প্রে করার জন্য মন্ত্রণালয় থেকে চিঠি দেওয়া হয়েছে। মন্ত্রী বলেন, বাস টার্মিনালগুলোতে সেবাবান্ধব পরিবেশ থাকতে হবে। বিস্তারিত দেখভালের জন্য বনানীতে কন্ট্রোল রুম খোলা হয়েছে। টার্মিনালসমূহে পরিচ্ছন্নতা রক্ষা, মশক নির্মূলের পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণে তিনি ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনকে অনুরোধ জানান। এবারে ঈদে বিআরটিসির স্পেশাল সার্ভিসে সাড়ে ১১০০ বাস থাকছে জানিয়ে সেতুমন্ত্রী জানান, ভারতীয় ঋণ কর্মসূচির আওতায় সংগৃহীত ২৫০টি বাসও ঈদ বহরে যুক্ত হয়েছে। জরুরি প্রয়োজনে আরো ৫০টি বাস স্ট্যান্ডবাই রাখা হয়েছে, যেগুলো ঈদের সময় বিভিন্ন রুটে চলাচল করবে। সেতুমন্ত্রী আরো বলেন, পবিত্র ঈদুল আজহা উপলক্ষে কোনোভাবে ভাড়া বাড়ানো যাবে না। ঈদে অতিরিক্ত ভাড়া নেওয়া হলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **বাংলাদেশে টুডে** (পৃ.১ ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

৪। দেশে ডেঙ্গু পরিস্থিতি এখন নিয়ন্ত্রণের মধ্যে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, দেশে ডেঙ্গু নিয়ে ষড়যন্ত্র চলছে। ডেঙ্গু দেশে আগেও ছিল। তবে এবার ডেঙ্গুর প্রকোপ বেশি। পৃথিবীর এমন কোনো দেশ নেই যে দেশে ডেঙ্গু নেই। আমাদের প্রতিবেশি দেশ ভারতেও ডেঙ্গু হচ্ছে। আমাদের দেশেও এ ডেঙ্গু হচ্ছে। ঘাবড়ানোর কিছু নেই। দেশে ডেঙ্গু পরিস্থিতি এখন নিয়ন্ত্রণের মধ্যে। নতুন ওষুধ আনা হচ্ছে, যাতে নতুন ধরনের এ মশাকে নিধন করা সম্ভব হবে। ডেঙ্গুর সার্বিক পরিস্থিতি আগের চেয়ে অনেক ভালো। আক্রান্তের হারও কমেছে। গতকাল (৫ আগস্ট সোমবার) মানিকগঞ্জ জেলা সদর হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগীদের দেখতে গিয়ে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

৫। মশার ওষুধের নমুনা ঢাকায় পৌঁছেছে
ওষুধের কার্যকারিতা আজ পরীক্ষা করা হবে : ডিএসসিসি মেয়র

ঢাকায় এসে পৌঁছেছে এডিস মশার ওষুধের নমুনা। প্রথম দফায় মশার ওষুধের যে নমুনাটি এসেছে সেটি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকার আওতাধীন এলাকায় ব্যবহারের জন্য বলে জানা গেছে। নতুন ওষুধের নমুনাটি ভারত থেকে আনা হয়েছে। গতকাল (৫ আগস্ট সোমবার) এমিরেটস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে নমুনাগুলো ঢাকা এসে পৌঁছায় বলে জানিয়েছে ডিএসসিসির জনসংযোগ বিভাগ। আজ (৬ আগস্ট মঙ্গলবার) ডিএসসিসিতে এ ওষুধের পরীক্ষা ও ফিল্ড টেস্ট শেষে আইইডিসিআর এবং কীটতত্ত্ব বিভাগে পাঠানো হবে। গতকাল (৫ আগস্ট সোমবার) নগর ভবনে মেয়র সেলে বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধিদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মেয়র সাঈদ খোকন বলেন, আমাদের নতুন ওষুধ চলে এসেছে। আজ মঙ্গলবার বিকাল ৩টায় নগর ভবনে সবার সামনে পরীক্ষা করা হবে। সকল সংস্থার প্রতিনিধিদের সামনে ওষুধের কার্যকারিতা পরীক্ষা করা হবে বলে জানান মেয়র। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.১)।

৬। সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে ডেঙ্গুমুক্ত হবে রাজধানী : ডিএসসিসি মেয়র

সেপ্টেম্বরের প্রথম সপ্তাহেই রাজধানী ডেঙ্গুমুক্ত হবে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। তিনি বলেছেন, ডেঙ্গুর প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় এ রোগ প্রতিরোধে প্রধানমন্ত্রীর নির্দেশে সরকারি কর্মকর্তারা মাঠে আছেন, কাজ করছেন। তাছাড়া জনগণ এখন খুবই সচেতন। আশা করা যায়, ডিএসসিসি ডেঙ্গু মোকাবিলায় সফল হবে। গতকাল (৫ আগস্ট সোমবার) ডিএসসিসি নগর ভবনের মেয়র মোহাম্মদ হানিফ মিলনায়তনে ওয়ার্ড ডেঙ্গু প্রতিরোধ সেলের কার্যক্রম সমন্বয়ের দায়িত্বপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬)।

৭। ডেঙ্গু নিয়ে ডিএনসিসি মেয়রের সঙ্গে ভিডিও কনফারেন্সে কলকাতার ডেপুটি মেয়র : এডিসের উৎসস্থল ধ্বংসের পরামর্শ

এডিস মশা নিয়ন্ত্রণে ওষুধের মাধ্যমে উড়ন্ত মশা মারার পাশাপাশি উৎসস্থল ধ্বংস করতে ঢাকা উত্তর সিটি করপোরেশনকে (ডিএনসিসি) বেশি গুরুত্ব আরোপের পরামর্শ দিয়েছেন কলকাতার ডেপুটি মেয়র অতীন ঘোষ। তিনি বলেছেন, এডিস মশার নিয়ন্ত্রণে ওয়ার্ড পর্যায়, আঞ্চলিক পর্যায় ও কেন্দ্রীয় পর্যায় এ তিন স্তরে মনিটর করা প্রয়োজন। তাহলে ডেঙ্গু আর মহামারি আকার ধারণ করবে না। গতকাল (৫ আগস্ট সোমবার) ডিএনসিসি নগরভবনে এ ভিডিও কনফারেন্সের আয়োজন করা হয়। কলকাতা সিটি করপোরেশন থেকে যোগ দেন কলকাতার ডেপুটি মেয়র অতীন ঘোষ। সূত্র-সমকাল (সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৮। ডেঙ্গু টেস্ট কিট আমদানিতে শুল্ক-কর ছাড়

ডেঙ্গু টেস্ট কিট, রি-এজেন্ট ও কিটস ফর প্লাটিলেট অ্যান্ড প্লাজমার ওপর আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর (ভ্যাট), আগাম কর এবং অগ্রিম আয়করে ছাড় দিয়েছে সরকার। সম্প্রতি রাজধানী ঢাকাসহ সারাদেশে ডেঙ্গুর প্রকোপ বাড়ায় স্বাস্থ্য ক্ষেত্রে সরকারি সহায়তা বৃদ্ধি ও স্বল্প খরচে জনগণের চিকিৎসাসেবা নিশ্চিতে এ কর ছাড় দেয়া হয়। গতকাল (৫ আগস্ট সোমবার) এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৮)।

৯। বাংলাদেশ-ভারত স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক আগামীকাল

বাংলাদেশ ও ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সপ্তম বৈঠক আগামীকাল ৭ আগস্ট বুধবার ভারতের রাজধানী নয়াদিল্লীতে অনুষ্ঠিত হতে যাচ্ছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁনের নেতৃত্বে বাংলাদেশের ১৬ সদস্যের একটি প্রতিনিধিদল বৈঠকে যোগ দিতে আজ (৬ আগস্ট মঙ্গলবার) ঢাকা ত্যাগ করবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫)।

১০। গুজব ছড়াচ্ছে বিএনপি : তথ্যমন্ত্রী

আওয়ামী লীগকে রাজনৈতিকভাবে মোকাবিলা করতে ব্যর্থ হয়ে বিএনপি একের পর এক গুজবের আশ্রয় নিচ্ছে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিবের জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনাসভায় তিনি এ মন্তব্য করেন। তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ উন্নত হচ্ছে, এটি বিএনপির ভালো লাগছে না। এজন্য তারা নানা ধরনের ষড়যন্ত্রে লিপ্ত। প্রথমে তারা পদ্মা সেতু নিয়ে গুজব ছড়িয়েছে, ছেলেধরা নিয়ে গুজব ছড়িয়েছে, তারপর হারপিক আর ব্লিচিং পাউডার নিয়ে গুজব ছড়িয়েছে। এখন প্রধানমন্ত্রীকে নিয়ে গুজব ছড়ানোর চেষ্টা করছে। এরা রাজনৈতিকভাবে পরাজিত হয়ে, হিতাহিত জ্ঞান হারিয়ে গুজবের আশ্রয় নিয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

১১। বন্যায় খাদ্যশস্য নষ্ট হয়নি : মোংলায় খাদ্যমন্ত্রী

চলতি বছর বন্যায় দেশের খাদ্যশস্য নষ্ট হয়নি বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। গতকাল (৫ আগস্ট সোমবার) মোংলার জয়মনির ঘোল এলাকার সাইলোর কার্যক্রম পরিদর্শনকালে তিনি একথা জানান। খাদ্যমন্ত্রী বলেন, বর্তমানে দেশে খাদ্য উদ্বৃত্ত রয়েছে। বন্যায় খাদ্যশস্য নষ্ট হয়নি। ফলে খাদ্য সংকট হওয়ার কোনো কারণ নেই। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বর্তমানে ৪৬ শতাংশ খাদ্যশস্য মোংলা বন্দর দিয়ে আমদানি করা হচ্ছে। তিনি বলেন, মোংলার বৃহত্তম এ সাইলো আরো কার্যকরী করার জন্য জেটির সমানের অংশের পশুর নদীতে ড্রেজিং ও মোংলা-জয়মনি রাস্তাটিও দ্রুত সময়ের মধ্যে সংস্কার করা হবে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.১৩,ক.৫)।

১২। ঈদে নৌপথে বাড়তি চাপ সামলাতে স্পেশাল লঞ্চ সার্ভিস

নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, ঈদযাত্রায় বাড়তি চাপ সামলাতে বিআইডব্লিউটিএ নৌপথে স্পেশাল লঞ্চ সার্ভিসের ব্যবস্থা করবে। ডেঙ্গু নিয়ে আমাদের উৎকণ্ঠা রয়েছে। ঈদের সময় ডেঙ্গু যাতে ছড়িয়ে পড়তে না পারে, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। গতকাল (৫ আগস্ট সোমবার) সদরঘাট লঞ্চ টার্মিনালে ঈদুল আজহা উপলক্ষে বিআইডব্লিউটিএ আয়োজিত এক সমন্বয় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।

১৩। ঈদের ছুটিতে এটিএম বুথে পর্যাপ্ত টাকা রাখার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের

ঈদ-উল-আযহার ছুটিতে সার্বক্ষণিক ব্যাংকের অটোমেটেড ট্রেলার মেশিন (এটিএম) সেবা চালু রাখাসহ পর্যাপ্ত টাকা সরবরাহের নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। একইসঙ্গে পয়েন্ট অব সেলস (পস), ইন্টারনেট ব্যাংকিং এবং মোবাইল ব্যাংকিংয়ে গ্রাহকরা যাতে নিরবচ্ছিন্ন লেনদেন করতে পারেন, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এসব সিস্টেমের নিরাপত্তা নিশ্চিত করতে বলা হয়েছে। গতকাল (৫ আগস্ট সোমবার) এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস বিভাগ থেকে একটি প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.১)।

সম্পাদকীয়

ক. **সমকাল :** পঞ্চগড়ে ৩৭ মুসল্লিকে হজে পাঠানোর কথা বলে কোটি টাকা হাতিয়ে নিয়ে প্রতারক চক্র উধাও হওয়ার ঘটনা উল্লেখ করে পঞ্চগড়ের ঘটনার ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেয়ার মধ্যদিয়ে এ ধরনের প্রতারনার পুনরাবৃত্তি রোধ হবে বলে আশাবাদ ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** সম্প্রতি র‍্যাবের ভ্রাম্যমাণ আদালত ধামরাইয়ের একটি কারখানায় অভিযান চালিয়ে আমদানি নিষিদ্ধ শুকরের হাড় ও চর্বির গুঁড়া দিয়ে পোলট্রি ফিড ও গবাদি পশুর খাদ্য উৎপাদনের প্রমাণ পেয়েছে উল্লেখ করে এ ধরনের কাজে জড়িতদের চিহ্নিত করে কঠোর শাস্তির পাশাপাশি নিরাপদ খাদ্য উৎপাদন ও বাজারজাতের ক্ষেত্রে নজরদারি বৃদ্ধির সুপারিশ।

গ. **ভোরের কাগজ :** ঈদে ঘরে ফেরা মানুষের যাতায়াত নির্বিঘ্ন করতে বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়কগুলো দ্রুত সংস্কারের ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনী ও তাদের সহযোগীদের হাতে নির্যাতিত আরও ৪৬ বীরাঙ্গনা মুক্তিযোদ্ধার স্বীকৃতি পেলেন উল্লেখ করে সেইসাথে তাদের প্রাপ্য সম্মান ও সুযোগ-সুবিধা নিশ্চিত করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যুগান্তর :** আবার নদী ভাঙনের কবলে পড়েছে চাঁদপুর শহর রক্ষা বাঁধ উল্লেখ করে ভাঙনে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন ও শহর রক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **এশিয়ান এজ :** ডেঙ্গু প্রতিরোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ঢাকাকে বাসযোগ্য করতে হলে নগরবাসীকেই এগিয়ে আসতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **' মাদকে বিপন্ন শিক্ষার্থীদের জীবন'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, মাদকের কুফল সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করে তুলতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা